

## 🔳 আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | ٱلْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩:৩

💵 আরবি মূল আয়াত:

## وَ إِذَا كَالُوهُم أَو وَّزَنُوهُم يُخسِرُونَ ﴿٣١٠﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর যখন তাদেরকে মেপে দেয় অথবা ওজন করে দেয় তখন কম দেয়। — আল-বায়ান আর যখন তাদেরকে মেপে দেয় বা ওজন ক'রে দেয় তখন কম দেয়। — তাইসিরুল এবং যখন তাদের জন্য মেপে অথবা ওজন করে দেয় তখন কম দেয়। — মুজিবুর রহমান

But if they give by measure or by weight to them, they cause loss. — Sahih International

৩. আর যখন তাদেরকে মেপে দেয় তথবা ওজন করে দেয়, তখন কম দেয়।

তাফসীরে জাকারিয়া

## ৩। এবং যখন তাদের জন্য মেপে অথবা ওজন করে দেয়, তখন কম দেয়। [1]

[1] নেওয়া-দেওয়ার জন্য পৃথক পৃথক মাপার পাত্র রাখা এবং দাঁড়ি মেরে ওজনে কম করা হল বড় জঘন্য একটি চারিত্রিক ব্যাধি। যার পরিণাম দ্বীনে এবং আখেরাতে বরবাদী ছাড়া কিছু নয়। একটি হাদীসে বর্ণিত হয়েছে যে, যে জাতিই মাপ ও ওজনে কম দেবে, সে জাতিই দুর্ভিক্ষ, কঠিন খাদ্য-সংকট এবং শাসকগোষ্ঠীর অত্যাচারের শিকার হবে। (ইবনে মাজাহ ৫০১৯নং, সিলসিলাহ সহীহাহ ১০৬নং)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5851

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন